মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নং-১০৩/ক/স্বী/০৭ / ১৮৬৫ তারিখ ঃ ২৯/৬/০৮

বিষয় ঃ ২০০৭-০৮ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণীতে ছাত্রী ভর্তির অনুমতি প্রদান প্রসংগে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-শিম/শাঃ১১/৩(১২)/২০০৪/১৮২ তারিখ ১২/০২/২০০৮।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ বন্দর গার্লস উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ২০০৭-০৮ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণীতে ছাত্রী ভর্তির অনুমতি প্রদান করেছেন। এই অনুমতি কোন ক্রমেই স্বীকৃতি বলে গন্য করা যাবে না।

**শাখাসমূহ ঃ**

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

**বিষয়সমূহ ঃ**

| | |
|---|---|
| আবশ্যিক ঃ | ১। বাংলা<br>২। ইংরেজী |
| মানবিক ঃ | ১। পৌরনীতি<br>২। ইসলামের ইতিহাস<br>৩। গার্হস্থ্য অর্থনীতি<br>৪। সমাজ কল্যান |
| ব্যবসায় শিক্ষা ঃ | ১। হিসাববিজ্ঞান<br>২। ব্যবসায় নীতি ও প্রয়োগ<br>৩। সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা<br>৪। পরিসংখ্যান |
| বিজ্ঞান ঃ | ১। পদার্থ বিজ্ঞান<br>২। রসায়ন<br>৩। জীব বিজ্ঞান<br>৪। গণিত |

**শর্তসমূহ ঃ**

১। স্কুলসহ প্রতিষ্ঠানটি সর্বদা অভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গন্য হবে।

২। নিয়োগকৃত এবং ভবিষ্যতে নিয়োগযোগ্য শিক্ষক/কর্মচারীর এম.পি.ও দাবী করা যাবে না। বিধি মোতাবেক অধ্যক্ষ নিয়োগ করে নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্র বোর্ডে পেশ করতে হবে।

৩। এ অনুমতির মেয়াদ ৩ (তিন) বছর কার্যকর থাকবে।

৩। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।

৪। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারন তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।

৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৩) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষন পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষন করতে হবে।

৬। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিষ্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৭। ম্যানেজিং কমিটির মেয়াদ শেষে বিধি মোতাবেক গভর্নিং বডি গঠন করে অনুমোদনের নিমিত্তে বোর্ডে পেশ করতে হবে।

৮। ছাত্রীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে।

৯। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.................. ২)

১০। কলেজের অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয় নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে ঃ

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
(গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ৭,০০০/- (সাত হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে ব্যাংক ড্রাফট।

২৭/৩/১৮

(প্রফেসর মোঃ সাদেকুর রহমান)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৮৬২৫৭৩৪ (অ)।

প্রধান শিক্ষক
বন্দর গার্লস উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
বন্দর, নারায়নগঞ্জ।

২৭/৩/১৮

তারিখ ঃ

মেমো নং-

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল ঃ-

১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়নগঞ্জ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়নগঞ্জ।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। সিষ্টেম এনালিষ্ট, ঢাকা শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, ১২/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা।
৭। অফিস কপি

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।